

সৃজনের আনন্দে শিখন

(দেয়ালিকা প্রকাশ)



শিক্ষক ছাত্রছাত্রীদের সৃজনশীলতা ও নান্দনিকতা বিকাশের নিমিত্ত প্রতি বছর বিজয়ের লগ্নে মাধবপুর প্রাথমিক শিক্ষা বিভাগ আয়োজন করে বিদ্যালয়ভিত্তিক দেয়ালিকা নির্মাণ ও প্রকাশ প্রতিযোগিতা। ১৪৯টি বিদ্যালয়ের সকলেই অংশগ্রহণ করে। বিদ্যালয় পর্যায়ে সেরা দশটি দেয়ালিকাকে পুরস্কৃত করা হয়।

বিষয়বস্তু:

শিক্ষক ও ছাত্রছাত্রীদের আঁকা স্বাধীনতা ও মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রকর্ম, কবিতা, ছড়া ইত্যাদি।



প্রভাব:

১. প্রতিটি বিদ্যালয়ে শিক্ষক-ছাত্রছাত্রী সৃজনশীল কাজের দক্ষতার পরিচয় দিচ্ছে।
২. মহান মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু সম্পর্কে শিশুরা জানতে পারছে।
৩. শিশুদের সুস্থ প্রতিভার বিকাশ হয়েছে।
৪. টিমওয়ার্কের মাধ্যমে সৃজনশীল কাজ করতে অভ্যস্ত হচ্ছে।
৫. সাহিত্য চর্চায় শিশুরা অনুপ্রাণিত হচ্ছে।